দৈনিক বাংলা

তারিখ ২৭।১২।৮১

পৃষ্ঠা ... কলাম ...

045

# শিক্ষাঙ্গন থেকে অরাজকতা দূর করার আহ্বান

বাংলাদেশ ছাত্র সমিতির পঞ্চম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবন প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জনাব শফিক আহমদ খান।

আলোচনা সভায় বক্তৃগণ দেশের মেহনতী মানুষের সার্বিক মুক্তির লক্ষ্যে ছাত্র আন্দোলন গড়ে তোলার জন্যে ছাত্রসমাজের প্রতি আহ্বান জানান। তারা শিক্ষাঙ্গন থেকে অরাজকতা দূর করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখারও আহ্বান জানান। আলোচনায় অংশ নেন সংগঠনের নেতৃবৃন্দ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

কৃষি কলেজ শাখা

জাতীয়তাবাদী ছাত্রদল কৃষি কলেজ শাখার এক সভা গত ২৩শে ডিসেম্বর অনুষ্ঠিত হয়। সভায় ৪১ সদস্য বিশিষ্ট ১৯৮১-৮২ সালের কার্যকরী কমিটি গঠন করা হয়।

কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ নির্বাচিত হন যথাক্রমে সর্বজনাব আনোয়ার হোসাইন, রশিদুল হাসান হারুন ও শেখ আবদুল্লাহ চৌধুরী। খবর সংবাদ বিজ্ঞপ্তির।